62

তারিখ ...17.JUN.1998...
পৃষ্ঠা 62 কলাম 5

ভোরের কাগজ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাড়ে ৬৮ কোটি টাকার বাজেট

## শেখ হাসিনা, শামসুর রাহমানসহ ৫ জনকে সম্মানসূচক ডি-লিট প্রদানের সিদ্ধান্ত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনে গতকাল মঙ্গলবার ১৯৯৮-৯৯ সালের মোট ৬৮ কোটি ৪৫ লাখ ১১ হাজার টাকার বাজেট পেশ করা হয়েছে। এবারের বাজেটে মোট ঘাটতি ৪ কোটি ৮৩ লাখ ৪৫ হাজার টাকা। উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক এম শামসুল হক এ বাজেট পেশ করেন।

এদিকে বিশ্ববিদ্যালয় সিনেটের গতকালের অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বিশিষ্ট সাহিত্যিক অন্নদা শংকর রায় ও কবি শামসুর রাহমানকে সম্মানসূচক ডিগ্রি এবং অধ্যাপক মুনীর চৌধুরী ও কথা সাহিত্যিক শওকত ওসমানকে মরণোত্তর সম্মানসূচক ডিগ্রি প্রদানের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তবে প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডিগ্রি প্রদানের বিষয়ে একাডেমিক কাউন্সিলের পরবর্তী সভায় অনুমোদন চাওয়া হবে বলে অধিবেশনে সিদ্ধান্ত নেওয়া হয়। অন্যদের সম্মানসূচক ডিগ্রি প্রদান বিষয়ে একাডেমিক কাউন্সিলের অনুমোদন রয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডিগ্রি প্রদানের বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রচলিত নিয়ম অনুযায়ী ইতিপূর্বে একাডেমিক কাউন্সিলে অনুমোদন নেওয়া হয়নি।

কোষাধ্যক্ষ অধ্যাপক শামসুল হক তার বার্ষিক অভিভাষণে বলেন, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের মালিকানার অংশীদার করতে পারলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উন্নতি হবে এবং শিক্ষার গুণগত মান নিশ্চিত করা সম্ভব হবে। তিনি আরো বলেন, বেসরকারি খাতে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের তুলনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ব্যয় অতি সামান্য। এ অবস্থা চলতে পারে না। তিনি ছাত্র প্রতি ফি বছরে কমপক্ষে ১০ হাজার টাকা ধার্য করার সুপারিশ করেন। তবে দরিদ্র ছাত্রদের অধিক হারে বৃত্তি কিংবা রেয়াত দেওয়ার কথাও তিনি বলেন।

অধিবেশনে বাজেট বক্তৃতার পর বাজেটের ওপর এবং সার্বিক ব্যাপারে আলোচনা হয়। এতে বক্তৃতা করেন অধ্যাপক এস আই খান, অ্যাডভোকেট রেজাউর রহমান, কাজী একরামউদ্দীন, অধ্যাপক মোস্তফা চৌধুরী, আফরোজান্নাহার রাশেদা, অধ্যাপক নূরুর রহমান খান, অধ্যাপক এ টি এম জাহরুল হক, অধ্যাপক এস এম ইমামুল হক, অধ্যাপক সৈয়দ রাশেদুল হাসান, কাজী আকরাম খান, ইফতেখার গণি চৌধুরী, ব্যারিস্টার এনামুল হক, অধ্যাপক গিয়াস উদ্দীন, আনোয়ার হোসেন, শামসুজ্জামান খান, হারুন অর রশীদ, ড. আব্দুল আজীজ, অধ্যাপক হোসেন মনসুর, অধ্যাপক আমিনুল ইসলাম প্রমুখ।

গতকাল অধিবেশনে পরমাণু অস্ত্র নিরস্ত্রীকরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমর্থনের সিদ্ধান্ত হয়। আফরোজান্নাহার রাশেদা প্রস্তাবটি উত্থাপন করেন। এ ছাড়া রেজিস্টার্ড গ্রাজুয়েটদের জন্য বিশ্ববিদ্যালয়ে একটি কক্ষ বরাদ্দের সিদ্ধান্ত নেওয়া হয়।

এবারের বাজেটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ৬ কোটি ৫০ লাখ টাকা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন থেকে পাওয়া যাবে ৬০ কোটি ৫০ লাখ টাকা। ৪ কোটি ৮৩ লাখ টাকা ঘাটতির মধ্যে পুঞ্জীভূত ঘাটতি ৩ কোটি ৩৮ লাখ এবং এ বছরের ঘাটতি ১ কোটি ৪৫ লাখ টাকা।

বাজেটে প্রশাসনিক ব্যয় ৩ কোটি ৩৮ লাখ, পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর ৪ কোটি ৯১ লাখ, গ্রন্থাগার বাবদ ১ কোটি ৯৯ লাখ, ছাত্রদের সুযোগ সুবিধা ২ কোটি ৩৫ লাখ, প্রকাশনা বাবদ ৩৮ লাখ, শিক্ষা বাবদ ২১ কোটি ২ লাখ, গবেষণা বাবদ ১ কোটি ৭১ লাখ, ছাত্র ও ফেলোশিপ বাবদ ৮৭ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে।